



সিলেট বোর্ড শীর্ষে বেড়েছে পাসের হার : কমেছে জিপিএ-৫

সিলেট ব্যুরো

এইচএসসি পরীক্ষায় এবার সিলেট শিক্ষা বোর্ড পাসের হারে দেশসেরা হয়েছে। শতকরা ৭২ ভাগ পাস করে দেশের সাধারণ ৮টি বোর্ডের মধ্যে শীর্ষে রয়েছে এ বোর্ড। গত বছর পাসের হার ছিল ৬৮.৫৯ শতাংশ। এবার এ হার ৩.৪১ ভাগ বেশি। তবে এবার কমেছে বোর্ডে জিপিএ-৫। মাত্র ৭০০ পরীক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে— যা গতবার ছিল ১ হাজার ৩৩০ জন। এবার বিজ্ঞান বিভাগ থেকে জিপিএ-৫ পেয়েছে ৬০৪, মানবিক ২৬ এবং ব্যবসায় শিক্ষা থেকে ৭০ জন শিক্ষার্থী। এবার ৬৫ হাজার শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে পাস করেছে ৪৬ হাজার ৭৯৭ জন। এদের মধ্যে ছেলে ২১ হাজার ৩০৩ মেয়ে শিক্ষার্থী ২৫ হাজার ৭৬৭ জন। শতভাগ পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা ৮। রোববার

■ পৃষ্ঠা ৬ - কলাম ৫

বেড়েছে পাসের হার

(৩য় পৃষ্ঠার পর)

বোর্ডের সম্মেলন কক্ষে সংবাদ সম্মেলনে ফলাফল ঘোষণা করেন সিলেট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ শামসুল ইসলাম। তিনি জানান, ইংরেজি শীর্ষের কারণে ফলাফলে পাসের হারের প্রভাব পড়েছে। একই সঙ্গে আগাম বন্যা শিক্ষার্থীদের মনোবলে ব্যাঘাত ঘটায়।